

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

আদেশ

তারিখ : ০৫ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৯ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও ন ৮১-আইন/২০২০—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং
আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা)
গঠন ও ক্যাডার আদেশ, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আদেশে—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;
- (খ) “ক্যাডার পদ” অর্থ তপশিলে অন্তর্ভুক্ত পদ;
- (গ) “তপশিল” অর্থ এই আদেশের তপশিল;
- (ঘ) “শিক্ষানবিশ” অর্থ ক্যাডার পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং
- (ঙ) “সার্ভিস” অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা)।

(৩৭১৯)

মূল্য : টাকা ৮.০০

৩। সার্ভিস গঠন।—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) সেই সকল ব্যক্তিগণ যাহারা Bangladesh Civil Service (Health and Family Planning: Family Planning) Composition and Cadre Rules, 1985 এর অধীন গঠিত Bangladesh Civil Service (Health and Family Planning: Family Planning) এ নিযুক্ত রহিয়াছেন; এবং

(খ) সেই সকল ব্যক্তি যাহারা সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ।—(১) তপশিলে উল্লিখিত পদসমূহ সার্ভিসের ক্যাডারে অন্তর্ভুক্ত হইবে।

(২) তপশিলে উল্লিখিত সংখ্যক পদ হইবে সার্ভিসের ক্যাডারের পদের প্রারম্ভিক সংখ্যা এবং সরকার অর্থ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এই ক্যাডারের পদের সংখ্যার পরিবর্তন করিতে পারিবে।

৫। নিয়োগকারী কর্তৃপক্ষ।—রাষ্ট্রপতি বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোনো কর্মকর্তা কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা যাইবে।

৬। যোগ্যতা।—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত সংশ্লিষ্ট নিয়োগবিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৭। জ্যেষ্ঠতা।—চাকরিতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরকৃত মেধার ক্রমানুসারে নির্ধারিত হইবে।

৮। সাধারণ বিধান।—যে সকল বিষয়ে এই আদেশে স্পষ্টরূপে কোনো বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা বা আদেশ দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত বা জারি করা হইয়াছে বা অতঃপর প্রণীত বা জারি হইতে পারে এবং তাহাদের প্রতি প্রযোজ্য করা হইয়াছে বা হইতে পারে।

৯। বিশেষ বিধান।—Gazetted Officers (Directorate of Population Control and Family Planning) Recruitment Rules, 1976 এর SCHEDULE এ অন্তর্ভুক্ত যে সকল পদ এই আদেশের তপশিলে অন্তর্ভুক্ত হইয়াছে সেই সকল পদের ক্ষেত্রে উক্ত Rules থ্যোজ্যতা এতদ্বারা রাখিত করা হইল।

১০। রাহিতকরণ ও হেফাজত।—(১) সিভিল আপিল নং-৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Bangladesh Civil Service (Health and Family Planning: Family Planning) Composition and Cadre Rules, 1985 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই আদেশের বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই আদেশের কার্যকরতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তবর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ এবং উভয় ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি তাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই আদেশের বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পত্তি থাকিলে উহা উক্ত Rules এর অধীন নিষ্পত্তি করিতে হইবে।

তপশিল

(অনুচ্ছেদ ৪ দ্রষ্টব্য)

| ক্রমিক নং | পদের শ্রেণি | পদের সংখ্যা |
|-----------|--|--------------|
| (১) | (২) | (৩) |
| ১। | মহাপরিচালক | ১ |
| ২। | পরিচালক | ৫ |
| ৩। | উপপরিচালক | ৭০ |
| ৪। | সহকারী পরিচালক | ১৬ |
| ৫। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ৪৮০ |
| ৬। | ছুটি, প্রেৰণ এবং প্রশিক্ষণের বিপরীতে সংরক্ষিত পদসমূহ নিম্নরূপ : (ক) উপপরিচালক; (খ) সহকারী পরিচালক; (গ) পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ৭ ১ ২৩ |
| | মোট = | ৬০৩ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হারুন
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd